

Powering Sydney's Future

POTTS HILL থেকে ALEXANDRIA পর্যন্ত ট্রান্সমিশন ক্যাবল প্রকল্প

সিডনির সিবিডি এবং আশপাশের এলাকায় নিরাপদ ও নির্ভরযোগ্য বিদ্যুৎ সরবরাহ নিশ্চিতকল্পে ২০ কিলোমিটার ব্যাপী নতুন একটি ভূগর্ভস্থ ক্যাবল স্থাপনের কাজ শুরু হতে যাচ্ছে।

TransGrid এর Powering Sydney's Future (ভবিষ্যৎ সিডনির বিদ্যুতায়ন) প্রকল্পে Potts Hill এবং Alexandria এর মধ্যে মাটির নিচে দিয়ে একটি নতুন বিদ্যুৎ লাইন স্থাপন করা হবে, সেই সাথে ভবিষ্যতে নগরীর বিদ্যুৎ চাহিদা নিরসনে তিনটি সাবস্টেশনকে আধুনিকায়ন করা হবে।

৩৩০ কেভি লাইনটি ৫০ বছরের পুরনো কেবলগুলোকে প্রতিস্থাপন করবে যেগুলো এখন মেয়াদ সীমার শেষ পর্যায়ে এসে পৌঁছে গেছে। নির্ভরযোগ্য বিদ্যুৎ সরবরাহ নিশ্চিত সহায়তার পাশাপাশি এই প্রকল্প নির্মাণকালীন সময়ে ১৪০ টি কর্মসংস্থানের যোগান দেবে।

নির্মাণ কাজ ২০২০ সালের আগস্টে শুরু হয়েছিল। কাজের অগ্রগতি এবং নতুন প্রকল্পগুলো দেখতে হলে transgrid.com.au/psfmap এ আমাদের ইন্টারেক্টিভ ম্যাপটি দেখুন।

নির্মাণকাজের হালনাগাদ তথ্য

Canterbury Bankstown এলাকার ক্যাবল রুটের পশ্চিমাংশে কাজের বেশ অগ্রগতি হয়েছে। পরিখা এবং মাটির নীচের খনন কাজের যথেষ্ট অগ্রগতি হয়েছে এবং জয়েন্ট বে এর নির্মাণ কাজও শুরু হয়েছে। ইনার ওয়েস্ট এবং সিটি অব সিডনি এলাকায় ২০২০ সালের নভেম্বরে কাজ শুরু হবে বলে আশা করা হচ্ছে।

Muir Road ক্যাবল ব্রিজের নির্মাণ কাজ প্রায় ৯৮ ভাগ সম্পন্ন হয়েছে এবং ডিসেম্বরেই শেষ হবে। অক্টোবরের শুরুতেই ব্রিজের কাঠামো তুলে ফেলা হয়েছে এবং এখন ব্রিজের সারফেস এর কাজ চলছে।

নভেম্বরের শুরুর দিকে আমরা রুটের পশ্চিম অংশে পরিখার সমাপ্ত অংশগুলিতে যে নালাগুলো তৈরি করে রেখেছি তার মধ্য দিয়ে কেবলগুলি টানা শুরু করব।

নির্মাণকাজের অগ্রগতি

পরিখার নির্মাণ কাজঃ

শতকরা ৫ ভাগ সম্পন্ন হয়েছে

মাটির নিচে খননঃ

শতকরা ৫ ভাগ সম্পন্ন হয়েছে



Hillcrest Avenue, Greenacre এ জয়েন্ট বে অথবা সংযোগ স্থল স্থাপন



Muir Road অক্টোবরের লং উইকেন্ডে ক্যাবল ব্রিজের কাজ শুরু হবে।


ব্রিজের নির্মাণ কাজঃ

শতকরা ৫ ভাগ সম্পন্ন হয়েছে

স্থায়ী সংস্কারঃ

শতকরা ৫ ভাগ সম্পন্ন হয়েছে

কেবল রুট



প্রকল্পের প্রধান প্রধান তারিখ

বিস্তারিত নকশার কাজ শেষ হয়েছে

২০২০ এর জুলাই

ক্যাবল স্থাপন কাজ শেষ হয়েছে/ ক্যাবল পরীক্ষা শুরু হয়েছে

২০২১ সালের শেষের দিকে

নির্মাণ কাজের শেষ

২০২২ সালের শেষের দিকে

২০২০ এর আগস্ট
নির্মাণ কাজের শুরু

২০২২ সালের শুরুর দিকে
ক্যাবল পরীক্ষার কাজ শেষ হয়েছে

Bedwin Road এর ডাবল ক্যাবল ব্রিজ এবং সাইকেল পথ

Transport for NSW এবং Inner West কাউন্সিলের সাথে যৌথ অংশিদারিত্বের ভিত্তিতে St Peters এর Bedwin Road Bridge সংলগ্ন এলাকায় একটি সম্মিলিত ক্যাবল ব্রিজ এবং সাইকেল পথের নির্মাণ কাজ শীঘ্রই শুরু হবে। রেলপথ পার হওয়ার জন্য একটি ক্যাবল ব্রিজের দরকার রয়েছে। সাইকেল পথটি ইনার ওয়েস্ট কমিউনিটির জন্য একটি প্রধান সক্রিয় পরিবহন লিঙ্ক হিসেবে কাজ করবে।

ব্রিজের নির্মাণ কাজ ২০২০ এর নভেম্বরে শুরু হবে।


নির্মাণ কাজের সময়

নির্মাণ কাজের সাধারণ সময় হল সোম থেকে শুক্রবার সকাল ৭ টা থেকে সন্ধ্যা ৬ টা এবং শনিবার সকাল ৮ টা থেকে দুপুর ১ টা। এই সময়ের বাইরেও কিছু কিছু কাজ হতে পারে, যার মধ্যে রয়েছে সড়ক ও রেল কর্তৃপক্ষের চাহিদা মারফিক রাতের বেলায় কাজ।

আমরা আপনার সাথে কিভাবে কাজ করব

কমিউনিটির উপর নির্মাণ কাজের প্রভাব কমানোর জন্য আমরা প্রতিশ্রুতিবদ্ধ। আমরা:

- আপনার এলাকায় কাজ শুরু করার পূর্বে আপনাকে জানাব এবং নিয়মিত হালনাগাদ তথ্য দেব
- যেসকল জায়গায় কাজ আরও বেশী বিঘ্নের সৃষ্টি করতে পারে সেখানে বাড়িঘর ও ব্যবসা প্রতিষ্ঠানগুলোর সাথে পরামর্শ করব



- নির্মাণ কাজের নির্দিষ্ট সময়ের বাইরে কাজের শব্দের কারণে ক্ষতিগ্রস্ত বাড়িগুলোর জন্য বিশ্রামের উপযুক্ত সময়ের বিষয়ে পরামর্শ করব
- আপনার সাথে আপনার বাড়িতে প্রবেশের সীমাবদ্ধতাগুলি নিয়ে আলোচনা করব এবং যেখানে প্রয়োজন সেখানে বিকল্প ব্যবস্থা করব।
- যেখানে আমাদেরকে রাস্তা, সাইকেল পথ কিংবা ফুটপাথ বন্ধ করে দিতে হবে সেখানে নিরাপদ বিকল্প রুটের ব্যবস্থা করব।



131 450

দোভাষীর জন্য অনুগ্রহ করে **131 450** নম্বরে কল করে **1800 955 588** নম্বরে TransGrid কে দিতে বলুন।
দোভাষী তখন আপনাকে অনুবাদের ক্ষেত্রে সহায়তা করবেন।

আমাদের সাথে
যোগাযোগ করুন

কমিউনিটি ইনফরমেশন লাইনঃ **1800 955 588**
ইমেইলঃ psf@transgrid.com.au
ওয়েবঃ transgrid.com.au/psf
ডাক ঠিকানাঃ PO Box A1000 Sydney South NSW 1235

